

## তুঁতগাছের সঠিক ছাঁটাই

তুঁতবাগান তৈরির জন্য যুবা তুঁত গাছের ছাঁটাই অপরিহার্য। পূর্ব ও উত্তর পূর্ব ভারতে মাঝারি, ঝাড় ধরণের বৃক্ষরোপণ উচ্চ মানের পাতা উত্পাদনের জন্য সবচেয়ে উপযুক্ত পদ্ধতি বলে মনে করা হয়।

- ⇒ প্রথম বছরে একটি কান্ডই রাখতে হবে
- ⇒ কোনও পাশের শাখা ছাড়াই মূল কান্ড বজায় রাখতে হবে
- ⇒ মূল কাণ্ডটি মাটি থেকে 45 সেমি উপরে ছাঁটাই করতে হবে
- ⇒ মূল কাণ্ডে শুধু মাত্র 3-4 টি প্রাথমিক শাখা রাখতে হবে
- ⇒ মূল কান্ড থেকে 10-15 সেমি পর্যন্ত প্রাথমিক শাখা ছাঁটাই করতে হবে
- ⇒ প্রতিবার পাতা তোলার পরে একই স্তরে প্রাথমিক শাখাগুলি ছাঁটাই করুন
- ⇒ প্রক্রিয়াটি 3-4 বছর ধরে চালিয়ে যেতে হবে ; তাতে মূল কাণ্ডের শীর্ষকে মুষ্টির মতো দেখাবে
- ⇒ তারপরে, প্রতিবার পাতা তোলার পরে গাছটিকে মুষ্টির স্তরে ছাঁটাই করতে হবে

## সুবিধাগুলি

- ❖ সহজে বাগান রক্ষণাবেক্ষণ করা যায়
- ❖ অনুকূল বৃদ্ধির জন্য পর্যাপ্ত আলো এবং স্থান পায়
- ❖ প্রাণবন্ত উদ্ভিদের দ্রুত বৃদ্ধি ত্বরান্বিত করে
- ❖ পাতা উত্তোলন সহজ হয়
- ❖ পাতার উত্পাদনশীলতা এবং গুণমান উন্নত করে
- ❖ অভিযোজন ভাল হয়
- ❖ পোকামাকড় ও রোগের প্রকোপ হ্রাস করে
- ❖ পুষ্টির ক্ষতি হ্রাস করে



আর. মহেশ, কে. সুরেশ, সৌমেন  
চট্টোপাধ্যায় ও ভি. শিবপ্রসাদ

অধিক তথ্যের জন্য যোগাযোগ করুন :

অধিকর্তা, কেরেগওপ্রপ্র, বহরমপুর – ৭৪২১০১, পশ্চিমবঙ্গ

দূরভাষ: ০৩৪৮২-২২৪৭১৩, ইপিএবিএক্স: ২২৪৭১৬/১৭/১৮

ফ্যাক্স: ০৩৪৮২-২২৪৭১৪/২২৪৮৯০

ই-মেল: csrtiber@gmail.com; csrtiber.csb@nic.in

www.csrtiber.res.in

পুস্তিকা সংখ্যা : ৯৬ @CSRTI-Berhampore আগস্ট- ২০২১

# উচ্চ মানের তুঁত পাতা উত্পাদন

(প্রশস্ত ব্যবধান এবং যথাযথ  
ছাঁটাই এর মাধ্যমে )



কেরেগওপ্রপ্র

কেন্দ্রীয় রেশম গবেষণা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান  
কেন্দ্রীয় রেশম বোর্ড, বস্ত্র মন্ত্রালয়, ভারত সরকার  
বহরমপুর – ৭৪২ ১০১, পশ্চিমবঙ্গ

## প্রশস্ত ব্যবধান এবং যথাযথ ছাঁটাই এর মাধ্যমে উচ্চ মানের তুত পাতা উত্পাদন

তুত পাতা তুত রেশমপোকাকার একমাত্র খাদ্য। এটি একটি বহুবর্ষজীবী, বৈচিত্রময় কৃষি-জলবায়ু সাথে অভিযোজনক্ষম এবং সীমিত জল দ্বারা চাষযোগ্য। তুত গাছ থেকে সারা বছর ধরে পাঁচবার পাতা উত্তোলন করা যেতে পারে। বৃক্ষরোপণের ধরণ এবং তুতচাষের অনুশীলন পদ্ধতি গাছের বৃদ্ধি এবং পাতার উত্পাদনশীলতার উপর প্রভাব ফেলে। অনুশীলনের যথাযথ কৃষি প্যাকেজ তুত পাতার ফলন বৃদ্ধি করে এবং তুত পাতার উত্পাদনশীলতা বজায় রাখে। রেশম পোকাকার উত্পাদনশীলতা সরাসরি উচ্চ মানের তুত পাতা খাওয়ার উপর নির্ভরশীল।

## প্রশস্ত ব্যবধানের প্রয়োজন

ঐতিহ্যগতভাবে উত্তর ও উত্তর পূর্ব ভারতের রেশম চাষীরা তুতচারা রোপণের জন্য সংকীর্ণ সারি ব্যবধান পদ্ধতি (২ ফুট x ২ ফুট) গ্রহণ করে। সংকীর্ণ ব্যবধান এবং গাছপালার মধ্যে সুর্যালোক, আর্দ্রতা এবং পুষ্টির জন্য প্রতিযোগিতা এবং সাধারণত গাছের বৃদ্ধি প্রতিরোধ ও হ্রাস করে। চূড়ান্ত ফলস্বরূপ পাতার উত্পাদনশীলতা হ্রাস পায় এবং পাতার গুণমান কম হয়। এছাড়াও, সংকীর্ণ ব্যবধানের ফলে নিম্নলিখিত সীমাবদ্ধতাগুলি দেখা যায়:

- তাড়াতাড়ি পাতা ঝরে পড়ে
- তুত বাগানের অন্তর্বর্তী পরিচর্যা বিঘ্নিত হয়
- কীটপতঙ্গের আক্রমণ ও রোগের ঝুঁকি বাড়ে
- বাগান রক্ষণাবেক্ষণ সহজ হয় না

সুতরাং, তুত পাতার উত্পাদনশীলতা বৃদ্ধির জন্য বিসৃত ব্যবধানে তুত চাষ পদ্ধতি গ্রহণ করা উচিত।

## প্রশস্ত ব্যবধান

প্রশস্ত ব্যবধানে তুতগাছ রোপণের মাধ্যমে তুতপাতার গুণগত উত্পাদনশীলতা অর্জন করা যেতে পারে। এই জাতীয় বৃক্ষরোপণ বেশি সূর্যের আলো, বায়ু সঞ্চালন এবং পুষ্টির প্রাপ্যতা সহজলভ্য করে গাছগুলির মধ্যে প্রতিযোগিতা এড়ায়। দ্বিপ্রজ এবং উন্নত সংকর প্রজাতির রেশমকীটের উত্পাদনশীলতা বজায় রাখার জন্য ৩ ফুট x ৩ ফুট ব্যবধান তুতচাষের সর্বাধিক উপযুক্ত পদ্ধতি।

## ৩ x ৩ ফুট ঝাড় তুত গাছ রোপণ

৩ ফুট x ৩ ফুট এর বর্গ পদ্ধতিতে বৃক্ষরোপণ করতে হবে। এখানে আন্তঃ (দুই সারির মধ্যে ব্যবধান) এবং অন্তঃসারি (সারির দুটি গাছের মধ্যে ব্যবধান) দূরত্ব ৩ ফুট বজায় রেখে তুত গাছগুলি রোপণ করা হয়।

তুত গাছের সংখ্যা
১ হেক্টর : ১২৩৪৫ গাছ
১ একর : ৪৯৯৮ গাছ
১ বিঘা : ১৬৬৬ গাছ



উপরন্তু, ৬ফুট x ৬ফুট এর ব্যবধানের তুত গাছ রোপণ যান্ত্রিকীকরণের জন্য (1249 গাছ/একর) সহজ হয়। একে ঝাড় বা মাঝারি উচ্চতার তুত বাগান হিসাবে বজায় রাখা যেতে পারে।

## ছাঁটাই

এই পদ্ধতিতে পূর্ব ব্যবহৃত তুত গাছের শাখা সরানোর হয়

## ছাঁটাই এর উদ্দেশ্য

- ঝাড়ের সঠিক গঠন এবং আকার বজায় রাখা
- রেশমকীট লালন-পালনের জন্য সঠিক ধরণের পাতাগুলি গ্রহণ করা
- বছরে পাঁচবার পাতা তুলতে সহায়তা করে
- কাণ্ডের অধিক বিকাশ এবং উদ্ভিজ্জ বৃদ্ধিতে উদ্দীপনা জোগায়
- সুর্যালোক প্রবেশের পরিমাণ বৃদ্ধি করে
- অন্তর্বর্তী পরিচর্যা সহজ হয়
- মৃত ও শুষ্ক কাঠ সরাতে সাহায্য করে
- কীটপতঙ্গ ও রোগ আক্রান্ত শাখা হ্রাস করে

